# ন্যাশনাল টিউবস লিমিটেড

(বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন এর অধীন একটি শিল্প প্রতিষ্ঠান, টংগী, গাজীপুর)

www.ntl.gov.bd

নং-৩৬.৯৩.৩৩২০.৪০১.১১.০০১.২৪-৮৫২(ক) তারিখঃ ২০-০৭-২০২৫

## পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

ন্যাশনাল টিউবস লিমিটেড (বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন এর অধীন একটি প্রতিষ্ঠান), টঙ্গী, গাজীপুর-এর নিম্নোক্ত শূন্য পদসমূহ পূরণের নিমিত্ত স্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে নিম্নলিখিত শর্তে (http://ntl.teletalk.com.bd) ওয়েবসাইটে অনলাইনে (Online) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

**ক. পে-কমিশনভুক্ত**

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১. | উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/অটোমোবাইল) গ্রেড-১০ম, বেতন স্কেল (১৬০০০-৩৮৬৪০/-) ও অন্যান্য ভাতাদি | ০৫ টি (স্থায়ী) | ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/অটোমোবাইল-এ পলিটেকনিক ডিপ্লোমাসহ ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ০২. | জুনিয়র অফিসার/সমমান গ্রেড-১১, বেতন স্কেল (১২৫০০-৩০২৩০/-) ও অন্যান্য ভাতাদি | ০৪ টি (স্থায়ী) | স্নাতক অথবা স্নাতকোত্তর ডিগ্রীসহ ০৪ (চার) বৎসরের অভিজ্ঞতা। |
| ০৩. | ডাটা এন্ট্রি অপারেটর গ্রেড-১৩, বেতন স্কেল (১১০০০-২৬৫৯০/-) ও অন্যান্য ভাতাদি | ০৩ টি (স্থায়ী) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। |
| ০৪. | অফিস সহায়ক গ্রেড-২০, বেতন স্কেল (৮২৫০-২০০১০/-) ও অন্যান্য ভাতাদি | ০৬ টি (স্থায়ী) | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৫. | বার্তা বাহক গ্রেড-২০, বেতন স্কেল (৮২৫০-২০০১০/-) ও অন্যান্য ভাতাদি | ০১ টি (স্থায়ী) | ৮ম শ্রেণি পাস। |

**খ. মজুরি কমিশনভুক্ত (শ্রমিক)**

| ক্রঃনং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় মজুরি স্কেল-২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০৬. | সাহায্যকারী গ্রেড-১, মজুরি স্কেল (৮৩০০-১৯১৪০/-) ও অন্যান্য ভাতাদি | ১৭ টি (স্থায়ী) | ৮ম শ্রেণি পাস। মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল বিষয়ে কমপক্ষে ০৬(ছয়) মাস মেয়াদী কারিগরী বা ট্রেড কোর্স প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীদের এবং কমপক্ষে ০৩(তিন) বছর অত্র প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে দৈনিক ভিত্তিক কর্মরত প্রার্থীদের নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে। |

CamScanner

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

১. **বয়স ও কোটা সংক্রান্ত**

(ক) প্রার্থীর বয়সসীমা ১১-০৮-২০২৫ তারিখে ১৮-৩২ বছর হতে হবে। অত্র প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে দৈনিক ভিত্তিক কর্মরত প্রার্থীদের বয়স সীমা শিথিলযোগ্য। বয়স সংক্রান্ত কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(খ) কোটা সংক্রান্ত বিষয়ে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ প্রজ্ঞাপন/পরিপত্র অনুসৃত হবে।

২. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ http://ntl.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি-তে Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: **২২-০৭-২০২৫** তারিখ, সকাল-১০:০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: **১১-০৮-২০২৫** তারিখ, বিকাল-০৫:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর সদ্য তোলা রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সর্ম্পকে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ২৩/- টাকাসহ মোট ২২৩/- টাকা, ২ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১৫০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১৮/- টাকাসহ মোট ১৬৮/- টাকা, ৩ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/- টাকাসহ মোট ১১২/- টাকা এবং ৪, ৫ ও ৬ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/- টাকাসহ মোট ৫৬/- টাকা, তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীদের পরীক্ষার ফি বাবদ ৫০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/- টাকাসহ মোট ৫৬/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

SMS নিয়মাবলী:

প্রথম SMS : NTL<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: NTL ABCDEF & send to ১৬২২২

Reply: Applicant's Name, TK-২২৩/১১২/১১২/৫৬ will be charged as application fee. Your PIN is 12345678 to pay fee Type NTL<Space>Yes<space>PIN and send to ১৬২২২.

দ্বিতীয় SMS: NTL<space>Yes<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: NTL Yes 12345678 & send to ১৬২২২.
Reply: Congratulations! Applicant's Name, Payment completed successfully for NTL Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://ntl.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন। অনলাইন ছাড়া আলাদাভাবে কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে NTL <space>Help<space>User<space>User ID & Send to ১৬২২২. Example: NTL Help User ABCDEF & Send to ১৬২২২.
(ii) PIN Number জানা থাকলে NTL <space>Help<space>PIN<space>PIN Number & Send to ১৬২২২. Example: NTL Help PIN 12345678 & send to ১৬২২২.

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও NTL এর ওয়েবসাইট www.ntl.gov.bd এ এতদ্‌সংক্রান্ত অন্যান্য সকল তথ্যসহ দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য **NTL** এর ওয়েবসাইট www.ntl.gov.bd হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: NTL, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

৩. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪. সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত ও আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অব্যশই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক আবেদন করতে হবে। মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

CamScanner

৫. আবেদনকারীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় সকল সনদপত্র যেমন: শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ, উপজেলা/ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান, পৌরসভা/সিটি করপোরেশনের মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রার্থীর নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদ ও অন্যান্য সনদের মূলকপি সাথে আনতে হবে। পাশাপাশি উল্লিখিত সনদের ০১ (এক) সেট সত্যায়িত কপি এবং সদ্য তোলা ০৪(চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি জমা প্রদান করতে হবে।

৬. কোটা সংক্রান্ত বিষয়ে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ প্রজ্ঞাপন/পরিপত্র অনুসৃত হবে। কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদপত্রের মূল কপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৭. বিজ্ঞপ্তির ১ ও ২ নং পদে আবেদনের ক্ষেত্রে শিক্ষা জীবনের কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। ৬ নং পদে আবেদনের ক্ষেত্রে মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল বিষয়ে কমপক্ষে ০৬(ছয়) মাস মেয়াদী কারিগরী বা ট্রেড কোর্স প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীদের নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

৮. বিজ্ঞপ্তির ০৬নং পদে অত্র প্রতিষ্ঠানে কমপক্ষে ০৩ (তিন) বছর সংশ্লিষ্ট কাজে দৈনিক ভিত্তিক কর্মরত প্রার্থীদের নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে। সেক্ষেত্রে মৌখিক পরীক্ষার সময় অভিজ্ঞতা/প্রত্যায়ন পত্র সনদ দাখিল করতে হবে।

৯. Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন শর্ত সংযোজন, সংশোধন, পরিবর্তন, পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগ প্রক্রিয়া যে কোন পর্যায়ে স্থগিত/বাতিল করার যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১. যে সকল প্রার্থী গত ২৬-০৬-২০২৪ এবং ০২-০৮-২০২৪ তারিখে প্রকাশিত বাংলাদেশ প্রতিদিন ও দৈনিক ইত্তেফাক পত্রিকায় প্রচারিত নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। একজন প্রার্থী এক বা একাধিক পদে যোগ্যতা অনুযায়ী আবেদন করতে পারবেন।

(এ.এম. রিজওয়ান হোসেন)
প্রশাসন বিভাগীয় প্রধান
ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে।

CamScanner